## পাবনা সদর উপজেলা পরিষদের জুন ২০১৯ মাসের সাধারণ সভার (৩য়) কার্যবিবরণীঃ

সভাপতিঃ আলহাজ্ব মোঃ মোশারোফ হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা।

তারিখঃ ২৭ জুন ২০১৯
সময়ঃ সকাল ১১-৩০ টা।

স্থানঃ এড. শেখ শহিদুল্লাহ বাচ্চু স্মৃতি মিলনায়তন, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা।

(উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখান হলো)

উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা এবং স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি তাঁর স্বাগত বক্তব্যে বলেন যে, আল্লাহপাকের অশেষ মেহেরবানীতে পাবনা সদর উপজেলার সার্বিক অবস্থা ভাল। এ উপজেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক এবং উপজেলার উন্নয়ন কার্যক্রমের গুণগত মান ও অগ্রগতি ভাল। এছাড়া বাল্যবিবাহ নিরোধ, মাদক নির্মূল ইত্যাদি বিষয়ে দৃশ্যমান অগ্রগতি সাধিত হচ্ছে। তিনি আরো বলেন, পাবনা সদর উপজেলার সকল জনপ্রতিনিধি এবং সরকারি কর্মকর্তা-কর্মচারিগণের সম্মিলিত প্রচেষ্টায় আমরা এ উপজেলার উন্নয়ন কার্যক্রম এগিয়ে নিয়ে চলেছি। পাবনা সদর উপজেলা পরিষদের সকল সদস্যের আন্তরিক কার্যক্রমের তিনি প্রশংসা করেন। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান।

০২। **গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন** ঃ

গত ২৮/০৫/২০১৮ তারিখের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান হয়। কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে বলে সকল সদস্য অভিমত প্রকাশ করায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হলো।

০৩। **বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনাঃ**

**(ক) পাবনা সদর উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি ঃ**

আতাইকুলা থানার অফিসার ইন চার্জ পাবনা সদর উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে আলোকপাত করেন। তিনি বলেন, পাবনা সদর উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে খুবই ভাল। তিনি বলেন পুলিশের একার পক্ষে কখনোই সার্বিক আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণ করা সম্ভব নয়। এক্ষেত্রে জনপ্রতিনিধিসহ সর্বস্তরের জনগণের সার্বিক সহযোগিতা প্রয়োজন। যে কোন সময় যে কোন জায়গায় যে কোন ধরণের বিশৃঙ্খলা দেখা দিলে সাথে সাথে তা সংশ্লিষ্ট থানা কর্মকর্তাকে জানানোর জন্য তিনি সকলকে অনুরোধ করেন এবং জানানো মাত্র ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভাকে জানান। মাদকের বিরুদ্ধে অভিযান অব্যাহত আছে এবং সকলের আন্তরিক সহযোগিতায় পাবনা সদর উপজেলাকে মাদকমুক্ত করার টার্গেট নিয়ে কাজ করা হচ্ছে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। আইন-শৃংখলা, মাদক, জঙ্গিবাদ, বাল্যবিবাহ, বিদ্যুতের অপচয়, ইত্যাদি বিষয়ে জনসচেতনতা তৈরীর প্রতি সভায় গুরুত্বারোপ করা হয়।

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলার প্রত্যেক কর্মকর্তা যখন তার দাপ্তরিক কাজে কোন এলাকা পরিদর্শনে যাবেন তখন ঐ এলাকার কোন শিক্ষা প্রতিষ্ঠানের সকল ছাত্র-ছাত্রী এবং শিক্ষক-শিক্ষিকাদেরকে একত্রিত করে আইন-শৃংখলা, মাদক, জঙ্গিবাদ, বাল্যবিবাহ, বিদ্যুতের অপচয়, ইত্যাদি বিষয়ে বক্তব্য প্রদানের মাধ্যমে সচেতনতা বৃদ্ধিতে ভূমিকা রাখার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। প্রত্যেক কর্মকর্তা প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার বরাবর উল্লেখিত কাজের প্রতিবেদন দাখিল করবেন।

**দায়িত্ব** ঃ উপজেলার সকল কর্মকর্তা, পাবনা সদর, পাবনা।

**(খ) উপজেলা কৃষি বিভাগঃ**

প্রনোদণামূলক সার বিতরনের তালিকায় নাম অর্ন্তভুক্তিতে অনিয়মের বিষয়ে উপজেলা কৃষি কর্মকর্তা সভায় বলেন যে, ৩৫০০ কৃষকে মাঝে প্রনোদণামূলক সার বিতরন করা হয়েছে। প্রনোদনামূলক সারের তালিকা ইউনিয়ন কৃষি কমিটি হতে আসে এবং সংশ্লিষ্ট ইউপি সদস্য সনাক্তকারী থাকেন। ভূয়া কৃষক থাকলে তা যাচাই করে দেখতে হবে। পরবর্তী বৎসরে নাম তালিকাভুক্ত করার সময় অধিকতর সতর্কতা অবলম্বনের জন্য ইউপি চেয়ারম্যানগনকে অনুরোধ করা হয়।

**(গ) উপজেলা প্রকৌশল বিভাগঃ**

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০১৮-২০১৯ অর্থ বছরে এডিপি'র ১ম,২য়,৩য় ও ৪র্থ কিস্তির প্রাপ্ত বরাদ্দ দ্বারা এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থ দ্বারা গৃহীত প্রকল্পসমূহ ও পিআইসি দ্বারা বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। সকল কাজের মান সন্তোষজনক। উপজেলা পরিষদ রাজস্ব উন্নয়ন তহবিলের আওতায় ২০১৮-২০১৯ অর্থ বছরে বাস্তবায়িত প্রকল্পসমূহের প্রাক্কলিত ব্যয়ের ০.৫০ % অর্থ তদারকি ব্যয় হিসাবে খরচ করা যায়। উপজেলা পরিষদের বাসাভাড়া হতে যে আয় হয় তার জন্য একটি আলাদা ব্যাংক হিসাব চালু আছে যার হিসাবাদি তাঁর দপ্তরে সংরক্ষণ করা হয়।

**সিদ্ধান্তঃ** সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী এর অনুকুলে রাজস্ব উন্নয়ন তহবিল হতে তদারকি ব্যয় বিল উত্তোলনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**দায়িত্ব ঃ** উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পাবনা সদর, পাবনা

**(ঘ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ**

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জনাব মোঃ আব্দুল করিম ভিজিএফ এর আওতায় খাদ্যসামগ্রী বিতরন সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। পাশাপাশি তিনি বলেন যে লোড-আনলোড বাবদ কোন বরাদ্দ না থাকায় ক্যারিং বাবদ কোন খরচ দেয়ার সুযোগ নেই। আগামী অর্থ বছর ভিজিএফ বিতরনে হিমাইতপুর ইউনিয়নকে মডেল হিসাবে পর্যবেক্ষনের জন্য মনোনিত করা হয়। জমি আছে ঘর নেই প্রকল্পের আওতায় যে সকল ইউনিয়নে ঘর নির্মাণের মালামাল এখনও পৌছায়নি সেসকল ইউনিয়নে আগামী ০৩ তিন দিনের মধ্যে মালামাল পৌছাতে হবে। ঘর নির্মানের সকল কাজ আগামী ১৯/০৭/২০১৯ তারিখের মধ্যে সুসম্পন্ন করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী আগামী ২০/০৭/২০১৯ তারিখে উক্ত প্রকল্পে আওতায় ঘর নির্মাণের কাজ সারা বাংলাদেশ ব্যাপি একযোগে উদ্বোধন করবেন।

**দায়িত্ব ঃ** (১) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, পাবনা সদর, পাবনা।
(২) সকল তদারকি কর্মকর্তা
(৩) সকল ইউপি চেয়ারম্যান

**(ঙ) উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ**

উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান যে পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে পাবনা সদর উপজেলায় মোট ২৫ (পচিশ) হাজার গবাদি পশু কোরবানির জন্য প্রয়োজন। আমাদের উৎপাদন চাহিদার তুলনায় অনেক বেশী। গবাদি পশু মোটাতাজাকরণ প্রকল্পে গ্রামাঞ্চলের অনেক মানুষের কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে। তিনি সভায় আরোও জানান যে গো-খাদ্যে ভেজাল হচ্ছে। পশু খাদ্যের উপর মোবাইল কোর্ট করা প্রয়োজন।

**(চ) একটি বাড়ী একটি খামার প্রকল্প সংক্রান্ত ঃ**

উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি অগ্রাধিকার প্রকল্পের মধ্যে একটি বাড়ি একটি খামার প্রকল্প অন্যতম। তাই একটি বাড়ি একটি খামার প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়ন করা অত্যন্ত জরুরী। সমিতি গঠনে জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করার প্রতি বিশেষ গুরুত্বারোপ করেন এবং প্রদত্ত ঋণের টাকা আদায়ে তিনি সকল ইউপি চেয়ারম্যানের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

**সিদ্ধান্ত ঃ** সভায় বিস্তারিত আলোচনান্তে একটি বাড়ি একটি খামার প্রকল্পের সমিতি গঠনে জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করার এবং সকল পর্যায়ের জনপ্রতিনিধি একটি বাড়ি একটি খামার প্রকল্পের সার্বিক কার্যক্রমে আন্তরিক সহযোগিতা করবেন বলে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

**দায়িত্ব ঃ** ১) উপজেলা সমন্বয়ক, একটি খামার একটি খামার প্রকল্প
২) চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, পাবনা সদর, পাবনা।

**(ছ) উপজেলা সমবায় অধিদপ্তর**

উপজেলা সমবায় অফিসার সভায় জানান পাবনা সদর উপজেলায় মোট ২৬ টি নতুন সমিতি গঠন করার তাগিদ দিলেও এখন পর্যন্ত তালিকা পাওয়া যায়নি। এ ব্যাপারে তিনি ইউপি চেয়ারম্যানগনের দৃষ্টি আকর্ষন করেন। তিনি আরও বলেন যে প্রতি ইউনিয়নে ০২ টি গ্রামে ০২ টি সমিতি গঠন হবে এবং সমিতিগুলো দেখাশোনার জন্য ০১ জন ছেলে ও ০১ জন মেয়ে নিয়োগ করা হবে। তাদের শিক্ষাগত যোগ্যতা হবে কমপক্ষে এসএসসি পাশ।

**সিদ্ধান্ত ঃ** সভায় বিস্তারিত আলোচনান্তে প্রতি ইউনিয়নে ০২ টি করে সমিতি গঠন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

**দায়িত্ব ঃ** উপজেলা সমবায় অফিসার, পাবনা সদর, পাবনা।

**(জ) উপজেলা সমাজসেবা অধিদপ্তরঃ**

উপজেলা সমাজসেবা কর্মকর্তা নতুন যোগদান করায় শুরুতে সকলের সাথে পরিচিত হন এবং সকলের সহযোগিতা কামনা করেন।

**(ঝ) ইউজিডিপি সংক্রান্ত কার্যক্রম ঃ**

"উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প"-এর উপজেলা ডেভলোপমেন্ট ফ্যাসিলিটেটর জনান যে, পাবনা সদর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগ/দপ্তরের সক্ষমতা উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প প্রস্তাবনাগুলি প্রকল্প পরিচালক-এর অনুমোদনের জন্য ঢাকায় পাঠানো হয়েছে। উপ-প্রকল্প প্রস্তাবনাগুলি প্রকল্প পরিচালক- কতৃক অনুমোদন হয়ে আসলে উপজেলা স্টান্ডিং কমিটি/পিআইসির মাধ্যমে বাস্তবায়ন করা হবে। তিনি সভায় আরো জনান যে, পাবনা সদর উপজেলায় অবকাঠামোগত উন্নয়নের জন্য প্রকল্প পরিচালকের ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫(২).২০১৯-১৯৭৩ স্বারকে একটি পত্র প্রদান করা হয়েছে এবং অবকাঠামোগত উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা আগামি ২২.০৭.১৯ তারিখের মধ্যে ঢাকা অফিসে পাঠানোর জন্য বলা হয়েছে। তিনি আরও বলেন অবকাঠামোগত উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা সমূহ- এক একটি কমপক্ষে ১০০০০০০/=(দশ লক্ষ টাকা, ভ্যাট/ট্যাক্স ব্যতিত) এবং সর্বোচ্চ ৪০০০০০০/=(চল্লিশ লক্ষ টাকা, ভ্যাট/ট্যাক্স ব্যতিত) পর্যন্ত হবে। অবকাঠামোগত উপ-প্রকল্পগুলি উপজেলা পরিষদ, উপজেলা প্রকৌশলী অফিসের মাধ্যমে বাস্তবায়ন করা হবে।

**দায়িত্ব ঃ** সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা।

**(ঞ) উপজেলা মৎস্য বিভাগ ঃ**

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, মৎস্য অধিদপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই। পাশাপাশি তিনি, উপজেলা পরিষদ এর অর্থায়নে পাবনা সদর উপজেলার আওতাভুক্ত পদ্মা নদীর তীরবর্তী এলাকায় মৎস্য আহরন শেড তৈরির প্রস্তাবনা করেন।

**(ট) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ**

উপজেলা একাডেমিক সুপারভাইজার সভায় বলেন যে, মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই।

**(ঠ) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর**

উপ-সহকারি প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই।

**(ড) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ**

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই।

**আমার গ্রাম আমার শহরঃ**

আমার গ্রাম আমার শহর বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারভুক্ত একটি উদ্যোগ। প্রত্যেক ইউনিয়নের একটি গ্রামে শহরের সকল সুযোগ সুবিধা নিশ্চিত করাই এই উদ্যোগের উদ্দেশ্য। ইতোপূর্বে পাবনা সদর উপজেলার ১০ টি ইউনিয়ন হতে ১০ টি গ্রাম নির্বাচিত করা হয়েছে। পাবনা সদর উপজেলার প্রত্যেক ইউনিয়ন হতে আমার গ্রাম আমার শহর কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প প্রস্তাব পাওয়ার পর ২০১৮-২০১৯ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব উন্নয়ন তহবিল হতে প্রত্যেক ইউনিয়নে ০৪ (চার) লক্ষ করে মোট ৪০ (চল্লিশ) লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়। বরাদ্দকৃত অর্থ দ্বারা উক্ত প্রকল্পসমূহ ২০১৮-২০১৯ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়ন সম্পন্ন হয়েছে।

প্রকল্প সমুহ নিম্নরুপ:

| ক্র: নং | ইউনিয়নের নাম | প্রকল্পের নাম | বরাদ্দকৃত অর্থ | বাস্তবায়ন পদ্ধতি |
|---|---|---|---|---|
| ০১ | চরতারাপুর | ১) বাকছি ডাংগী মুজিব বাঁধ হতে ঘোনাপাড়া অভিমূখে রাস্তা এইচবিবি করণ (পার্ট ০১) | ২০০০০০/০০ | পিআইসি |
| | | ২) বাকছি ডাংগী মুজিব বাঁধ হতে ঘোনাপাড়া অভিমূখে রাস্তা এইচবিবি করণ (পার্ট ০২) | ২০০০০০/০০ | |
| ০২ | মালঞ্চি | ১) পারগোবিন্দপুর ইউনুছের বাড়ীর পাকা রাস্তা হতে আয়েজ উদ্দিনের বাড়ী অভিমুখে নতুন ৭০০ ফুট রাস্তা এইচবিবি করন (পার্ট-১) | ২০০০০০/০০ | পিআইসি |
| | | ২) পারগোবিন্দপুর ইউনুছের বাড়ীর পাকা রাস্তা হতে আয়েজ উদ্দিনের বাড়ী অভিমুখে নতুন ৭০০ ফুট রাস্তা এইচবিবি করন (পার্ট-২) | ২০০০০০/০০ | |
| ০৩ | মালিগাছা | ১) গোপালপুর সুমনে দোকান হতে ছালাম সরদারে বাড়ী অভিমুখে রাস্তা এইচবিবি করন | ২০০০০০/০০ | পিআইসি |
| | | ২) গোপালপুর আনুর বাড়ী হতে আমিনের বাড়ী অভিমুখে রাস্তা এইচবিবি করন | ২০০০০০/০০ | |
| ০৪ | হিমাইতপুর | ১) ০৪ নং ওয়ার্ডের নিয়ামতুল্লাপুর আক্কাসের বাড়ী হতে মানিক মোড় অভিমুখে রাস্তা এইচবিবি করন (পার্ট-১) | ২০০০০০/০০ | পিআইসি |
| | | ২) ০৪ নং ওয়ার্ডের নিয়ামতুল্লাপুর মাদ্রাসার সম্মুখ হতে ফজলুল হকের বাড়ী ভায়া নিয়ামতুল্লাপুর স: প্র:বি: পর্যন্ত রাস্তা এইচবিবি করন (পার্ট-২) | ২০০০০০/০০ | |
| ০৫ | গয়েশপুর | ১) শালাইপুর মনসুরের বাড়ী হতে বাহাদুরের বাড়ী অভিমুখে রাস্তা এইচবিবি করন | ২০০০০০/০০ | পিআইসি |
| | | ২) শালাইপুর ওহাব মোল্লার বাড়ী হতে মাও ইসমাইলের বাড়ী অভিমুখে রাস্তা এইচবিবি করন | ২০০০০০/০০ | |
| ০৬ | দাপুনিয়া | ১) দাপুনিয়া ইউনিয়নের বড়দিকশাইল গ্রামে জিনাত মন্ডলের বাড়ী হতে মৃত কাদের মন্ডলের বাড়ী অভিমুখে রাস্তা এইচবিবি করন (পার্ট-১) | ২০০০০০/০০ | পিআইসি |
| | | ২) দাপুনিয়া ইউনিয়নের বড়দিকশাইল গ্রামে জিনাত মন্ডলের বাড়ী হতে মৃত কাদের মন্ডলের বাড়ী অভিমুখে রাস্তা এইচবিবি করন (পার্ট-২) | ২০০০০০/০০ | |
| ০৭ | সাদুল্লাপুর | ১) চোমরপুর কদমতলা হযরত আলীর বাড়ী হতে চোমরপুর ঈদগাহ অভিমুখে রাস্তা এইচবিবি করন (পার্ট-১) | ২০০০০০/০০ | পিআইসি |
| | | ২) চোমরপুর কদমতলা হযরত আলীর বাড়ী হতে চোমরপুর ঈদগাহ অভিমুখে রাস্তা এইচবিবি করন (পার্ট-২) | ২০০০০০/০০ | |
| ০৮ | দোগাছী | রানীনগর মোহাম্মদ সরদারের বাড়ি হতে সিরাজ মন্ডলের বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবি করন (পার্ট-১) | ২০০০০০/০০ | পিআইসি |
| | | রানীনগর সিরাজ মন্ডলের বাড়ি হতে আদু প্রাং এর বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবি করন (পার্ট-২) | ২০০০০০/০০ | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | ভাড়ারা | শ্রীপুর খতিব আব্দুল জাহিদ এর বাড়ীর সামনে হতে শ্রীপুর শিখনের বাড়ী অভিমুখে রাস্তা প্যালাসাইডিংকরণ(পার্ট -১) | ২০০০০০/০০ | পিআইসি |
| | | শ্রীপুর খতিব আব্দুল জাহিদ এর বাড়ীর সামনে হতে শ্রীপুর শিখনের বাড়ী অভিমুখে রাস্তা প্যালাসাইডিংকরণ(পার্ট -২) | ২০০০০০/০০ | |
| ১০ | আতাইকুলা | পীরপুর সেকেন্দারের বাড়ী হতে করিমের বাড়ী পর্যন্ত রাস্তা এইচ বিবি করণ (পার্ট-১) | ২০০০০০/০০ | পিআইসি |
| | | পীরপুর করিমের বাড়ী হতে কুদ্দুসের বাড়ী অভিমূখে রাস্তা এইচবিবি করণ (পার্ট ২) | ২০০০০০/০০ | |

০৪। **<u>উপজেলা চেয়ারম্যান মহোদয়ের হজ্জব্রত পালন</u>** সংক্রান্ত ঃ

উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, তিনি হজ্জব্রত পালনের জন্য ০৭-০৭-২০১৯ তারিখ হতে তিনি ৪৫ দিনের ছুটিতে যাবেন। তাঁর ছুটিকালীন সময়ে উপজেলা পরিষদের চেয়ারম্যান হিসাবে প্যানেল চেয়ারম্যান জনাব শামসুন নাহার দায়িত্ব পালন করবেন। তিনি হজ্জব্রত পালনের জন্য উপস্থিত সকলের কাছে দোয়া চান।

০৫। **<u>পাবনা সদর উপজেলা পরিষদের জায়গায় ডিসি পার্ক স্থাপন সংক্রান্ত</u> ঃ**

সভায় উল্লেখ করা হয় যে, পাবনা সদর উপজেলার সকল সকরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সাথে জেলা প্রশাসক, পাবনা মহোদয় গত ০৪-০৬-২০১৯ তারিখে মহোদয় এক মতবিনিময় সভা করেন। উক্ত মতবিনিময় সভায় উপস্থিত ব্যক্তিবর্গ বলেন যে, পাবনা একটি অতি পুরাতন ঐতিহ্যবাহী জেলা। পাবনা জেলা শহরই পাবনা সদর উপজেলার মূল শহর এবং পাবনা সদর উপজেলার জনসাধারণের সকল প্রকার কার্যক্রম জেলা শহর ভিত্তিক। পাবনা শহরে কোন বিনোদন কেন্দ্র বা পার্ক নেই। ফলে জনসাধারণের সুষ্ঠু বিনোদনের কোন সুযোগ নেই। ফলে জনসাধারণের সুষ্ঠু বিনোদনের কোন সুযোগ নেই। পাবনাতে একটি বিনোদন পার্ক স্থাপন করার জন্য সভায় উপস্থিত ব্যক্তিবর্গ দাবী করেন। এ প্রেক্ষিতে উপযুক্ত জমি পেলে পাবনা সদর উপজেলায় ডিসি পার্ক স্থাপন করা হবে মর্মে জেলা প্রশাসক, পাবনা মহোদয় জানান। এ বিষয়ে সভাপতি সহ উপজেলা পরিষদের সদস্যগণ বলেন যে, পাবনা সদর উপজেলা পরিষদের মধ্যে প্রচুর জায়গা রয়েছে যা নিম্নভূমি এবং উহা ভরাট করে ডিসি পার্ক স্থাপন করা সম্ভব। পাবনা সদর উপজেলা পরিষদ শহরের পাশে একটি সুন্দর নিরিবিলি পরিবেশে অবস্থিত হওয়ায় এখানে বাচ্চাদের রাইড, ফুলের বাগান ও অন্যান্য বিনোদন উপকরণসহ একটি আধুনিক বিনোদন পার্ক স্থাপন করা হলে দর্শনার্থীদের ভীষণভাবে আকৃষ্ট করবে এবং এই এলাকার শ্রীবৃদ্ধিতেও এটি ভূমিকা রাখবে। তাছাড়া উপজেলা পরিষদের নিম্নভূমি ভরাট করে পার্ক স্থাপন করা হলে উপজেলা পরিষদও বিশেষভাবে লাভবান হবে এবং উপজেলা পরিষদের সম্পত্তির সুষ্ঠু রক্ষণাবেক্ষণ নিশ্চিত হবে। গাংকুলা মৌজার আর.এস ৭ নং খতিয়ানে উপজেলা পরিষদের ১২.৬৪ একর সম্পত্তি রয়েছে যার অধিকাংশই জলাভূমি। স্থানীয় সরকার বিভাগের অনুমোদন নিয়ে উক্ত সম্পত্তির মধ্য হতে আর এস ১৭৬ নং দাগের ০.৭৪ একর এবং আর.এস ৪০০ নং দাগের ৮.২৭ একরের কাতে ৪.৭৬ একর, সর্বমোট ৫.৫০ একর সম্পত্তি মাটি দ্বারা ভরাট করে ডিসি পার্ক স্থাপন করার পক্ষে সদস্যগণ মতামত ব্যক্ত করেন।

**<u>সিদ্ধান্ত</u> ঃ** সভায় বিস্তারিত আলোচনান্তে পাবনা সদর উপজেলা পরিষদের মালিকানাধীন গাংকুলা মৌজার আর.এস ৭ নং খতিয়ানভুক্ত ১৭৬ নং দাগের ০.৭৪ একর এবং আর.এস ৪০০ নং দাগের ৮.২৭ একরের কাতে ৪.৭৬ একর, সর্বমোট ৫.৫০ একর সম্পত্তিতে ডিসি পার্ক স্থাপন করার ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের অনুমোদন সাপেক্ষে পাবনা সদর উপজেলা পরিষদের অনাপত্তি প্রদান করা হলো। ডিসি পার্ক স্থাপন করার লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের অনুমোদনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রস্তাবিত জমির স্কেচ ম্যাপসহ প্রস্তাব প্রেরণ করা যেতে পারে।

**<u>দায়িত্ব</u> ঃ** উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা।

০৬। <u>বিবিধঃ</u>

**আলোচনা (১) :** উপজেলা পরিষদ মসজিদের ঈমাম ও মোয়াজ্জিন এর বেতন খুবই সামান্য এবং তাদের বেতন বৃদ্ধি করা প্রয়োজন। তদ্‌হেতু সকলের কাছে ফান্ড বৃদ্ধির জন্য আহবান জানানো হয়। জুলাই ২০১৯ মাস হতে ইমাম সাহেবের বেতন ১০০০/০০টাকা বৃদ্ধি করে মোট মাসিক বেতন ১০০০০/০০(দশ হাজার) নির্ধারন করা হলো।

**আলোচনা (২):** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর জনাব মোঃ মোশারোফ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান বেগম শামসুন নাহার এবং ভাইস চেয়ারম্যান জনাব মোঃ গোলাম আজম (শাওয়াল বিশ্বাস) জুন-/২০১৯ মাসের দৈনিক ভাতা বিল দাখিল করেছেন। যা নিম্নরূপঃ

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর জনাব মোঃ মোশারোফ হোসেন এর জুন/২০১৯ মাসের দৈনিক ভাতা বিল

| তারিখ | ভ্রমন বিবরনী | ভ্রমনের মাধ্যম | প্রাপ্য ভাতা |
|---|---|---|---|
| ১০/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে মালিগাছা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | উপজেলা পরিষদের জীপগাড়ী যোগে | ৬২৫/- |
| ১২/০৬/১৯ | বেলা ১০-৩০ টায় কর্মস্থল হতে দোগাছী ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১০-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ১৩/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে ভাঁড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |

| তারিখ | ভ্রমন বিবরনী | ভ্রমনের মাধ্যম | প্রাপ্য ভাতা |
|---|---|---|---|
| ১৬/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে দোগাছী ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ১৭/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে আতাইকুলা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ১৮/০৬/১৯ | বেলা ১০-৩০ টায় কর্মস্থল হতে ভাড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ১৯/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে মালিগাছা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ২০/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে ভাঁড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ২৩/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে গয়েশপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ২৪/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে দাপুনিয়া ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ২৫/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে হিমায়েতপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ২৬/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে হিমায়েতপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| মোট | | | ৭,৫০০- |

মহিলা ভাইস চেয়ারম্যান বেগম শামসুন নাহার এর জুন/২০১৯ মাসের দৈনিক ভাতা বিল

| তারিখ | ভ্রমন বিবরনী | ভ্রমনের মাধ্যম | প্রাপ্য ভাতা |
|---|---|---|---|
| ১০/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে মালিগাছা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | উপজেলা পরিষদের জীপগাড়ী যোগে | ৬২৫/- |
| ১২/০৬/১৯ | বেলা ১০-৩০ টায় কর্মস্থল হতে দোগাছী ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১০-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ১৩/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে ভাঁড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ১৬/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে দোগাছী ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ১৭/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে আতাইকুলা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ১৮/০৬/১৯ | বেলা ১০-৩০ টায় কর্মস্থল হতে ভাড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ১৯/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে মালিগাছা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ২০/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে ভাঁড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ২৩/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে গয়েশপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ২৪/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে দাপুনিয়া ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ২৫/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে হিমায়েতপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ২৬/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে হিমায়েতপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| মোট | | | ৭,৫০০/ |

ভাইস চেয়ারম্যান জনাব মোঃ গোলাম আজম (শাওয়াল বিশ্বাস) এর জুন /২০১৯ মাসের দৈনিক ভাতা বিল

| তারিখ | ভ্রমন বিবরনী | ভ্রমনের মাধ্যম | প্রাপ্য ভাতা |
|---|---|---|---|
| ১০/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে মালিগাছা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | উপজেলা পরিষদের জীপগাড়ী যোগে | ৬২৫/- |
| ১২/০৬/১৯ | বেলা ১০-৩০ টায় কর্মস্থল হতে দোগাছী ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১০-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ১৩/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে ভাঁড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ১৬/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে দোগাছী ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ১৭/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে আতাইকুলা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ১৮/০৬/১৯ | বেলা ১০-৩০ টায় কর্মস্থল হতে ভাড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ১৯/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে মালিগাছা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ২০/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে ভাঁড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ২৩/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে গয়েশপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ২৪/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে দাপুনিয়া ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ২৫/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে হিমায়েতপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ২৬/০৬/১৯ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে হিমায়েতপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| মোট | | | ৭,৫০০/ |

**সিদ্ধান্তঃ** এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে, উপজেলা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ৯/১২/২০১২ তারিখের ৪৬.০৪৬.০২২.০০.০০২.২০১২.-৬৯২ নং অফিস আদেশের বিধান অনুসারে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর জনাব মোঃ মোশারোফ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান শামসুন নাহার এবং ভাইস চেয়ারম্যান জনাব মোঃ গোলাম আজম (শাওয়াল বিশ্বাস) জুন/২০১৯ মাসের উপস্থাপিত উপরোক্ত বিলসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ।

**দায়িত্বঃ** (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা
(২) উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা।

**আলোচনা (২):** উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত ০৩/০৬/২০১৯ তারিখ হতে অদ্যাবধি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে নিম্নবর্ণিত ব্যয় সম্পন্ন করা হয়েছে। ব্যয়োত্তর অনুমোদনের জন্য প্রস্তাব করেন।

| হিসাব নং | তারিখ | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|---|
| চলতি হিসাব নং- ৪০২ | ২৪/০৬/২০১৮ | (ক) উপজেলা চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, মালী ও সুইপার এর জুন ২০১৯ মাসের সম্মানী, বাড়ী ভাড়া ও মজুরী প্রদান<br>(খ) উপজেলা পরিষদের জুন ২০১৯ মাসের আপ্যায়ন বিল প্রদান | ১,৫৯,৯২০/০০ |
| | | দুইজন আনসার সদস্যের মে ও জুন ২০১৯ মাসের বেতন ও পবিত্র ঈদুল ফিতরের উৎসব ভাতা | ৬৬৪২৫/০০ |
| | | (ক) উপজেলা পরিষদের পানির লাইন ও সেনেটারি লাইন মেরামত, বৈদ্যুতিক মালামাল ক্রয়,সিরামিক ক্রোকারিজ সামগ্রী ক্রয়, স্টেশনারি মালামাল ক্রয়,<br>(খ) উপজেলা পরিষদের ১৪২৫ সালের ভূমি উন্নয়ন করা<br>(গ উপজেলা পরিষদের নতুন আসবাবপত্র ক্রয়<br>(ঘ) উপজেলা পরিষদের কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার ও হার্ডডিস্ক ক্রয় | ১৩৪৪১১/০০<br>৬৮২১৪/০০<br>১২৫০০০/০০<br>১২৫০০০/০০ |
| | ২২/০৭/২০১৮ | ২০১৮-২০১৯ অর্থ বছরে এডিপি এবং উপজেলা রাজস্ব উন্নয়ন তহবিলের ই-জিপি দরপত্র বিজ্ঞাপন বিল | ৩৩৫১১৬/০০ |

**সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে উপরোক্ত ব্যয়সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন দেয়া হয়।
**দায়িত্বঃ** উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( আলহাজ্ব মোঃ মোশারোফ হোসেন )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
পাবনা সদর, পাবনা
ফোন-০৭৩১-৬৩৯৭৭

উপজেলা পরিষদ কার্যালয়
পাবনা সদর,পাবনা

নং- ০৫.৪৩.৭৬৫৫.০০০.৩৯.০০৫.১৯-৮৯৮ তারিখঃ ২৭ জুন ২০১৯ খ্রীঃ

<u>**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে**</u> ঃ
১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৭২, পাবনা-৫।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪। জেলা প্রশাসক,পাবনা।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পাবনা।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,পাবনা সদর, পাবনা।
৭। মেয়র, পাবনা পৌরসভা, পাবনা।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,পাবনা সদর, পাবনা।
৯। উপজেলা ----------------------------------------------------কর্মকর্তা (সকল), পাবনা সদর,পাবনা।
১০। চেয়ারম্যান,----------------------------------------------------ইউ,পি, (সকল), পাবনা সদর,পাবনা।

( মোঃ জয়নাল আবেদিন )
উপজেলা নির্বাহী অফিসার
পাবনা সদর, পাবনা
ফোনঃ ০৭৩১-৬৫৪০৩
email: unopabna@mopa.gov.bd